

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শুঞ্জলা শাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৯.১৮-

তারিখঃ ২৫/০৬/২০১৯ খ্রি

প্রজ্ঞাপন


যেহেতু, ডাঃ কামরুন নাহার, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), কাউন্দিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাভার, ঢাকা এর কর্মকালীন সময়ে 'সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন বিনা অনুমতিতে চাকরি ত্যাগ করা (Desertion)' এর অভিযোগে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়।

২। যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ১২/০২/২০১৯খ্রি: তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে ডাঃ কামরুন নাহার জানান যে, তিনি গত ১৫/১১/১৯৯৩খ্রি: তারিখে মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ) হিসেবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে যোগদান করেন। তিনি যুক্তরাষ্ট্রে যাওয়ার পূর্বে ২০ বছর পরিবার পরিকল্পনা অধিদপ্তরে চাকরি করেছেন। তিনি গত ০১/০৮/২০১৩খ্রি: তারিখে ২ মাসের বহি: বাংলাদেশ অর্জিত ছুটি নিয়ে যুক্তরাষ্ট্রে গমন করেন। পরবর্তী সময়ে তিনি সেখানে S.L.E, Anal Fissure, Osteoporosis ইত্যাদি রোগে আক্রান্ত হয়ে যুক্তরাষ্ট্রে চিকিৎসা গ্রহণ করেন। পরবর্তী সময়ে তিনি মার্চ ২০১৭ খ্রিষ্টাব্দে যুক্তরাষ্ট্রে Thyroid Cancer এ আক্রান্ত হন। তিনি সেখানে ক্যামোথ্যেরাপি নেন এবং তাহার Thyroid Operation করান। তিনি দীর্ঘদিন চিকিৎসার পর সুস্থ হয়ে গত ২৭/০৭/২০১৮খ্রি: তারিখে বাংলাদেশে প্রত্যাবর্তন করেন এবং ২৯/০৭/২০১৮খ্রি: তারিখে উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করেন। তাহার যোগদানপত্র অদ্যাবধি গৃহীত হয়নি মর্মে শুনানিকালে জানান। তিনি তার অসুস্থতার স্বপক্ষে ডাক্তারের প্রত্যয়নপত্র/ কাগজপত্র দাখিল করেন।

৩। সার্বিক বিবেচনায় অভিযুক্তের অসুস্থতার বিষয়টি সহানুভূতির সাথে বিবেচনায় নিয়ে মানবিক কারণে তার অননুমোদিত অনুপস্থিতকালকে ছুটি হিসেবে মঞ্জুরপূর্বক তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। সেহেতু, ডাঃ কামরুন নাহার, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), কাউন্দিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাভার, ঢাকা -এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র, মামলা সংক্রান্ত রেকর্ডপত্র ও তার শারিরিক অসুস্থতার বিষয়টি বিবেচনায় নিয়ে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানপূর্বক মামলাটি নিষ্পত্তি করা হলো। তাঁর মোট অননুমোদিত অনুপস্থিতকালের মধ্যে ০১বছর ০৯মাস ২দিন গড় বেতনে, ১বছর ০৭মাস ২৩ দিন অর্ধগড় বেতনে এবং ১বছর ০৫ মাস ২দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতিঃ বাংলাদেশক্রমে,


(জি. এম. সালেহ উদ্দিন) ২৫/৬/২০১৯
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা।


(পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের এক কপি অত্র শাখায় প্রেরনের অনুরোধসহ)

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৯.১৮- ১১

তারিখঃ ২৫/০৬/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (তথ্যটি সংশ্লিষ্ট রেজিষ্টারে/কম্পিউটারে সংরক্ষনের অনুরোধসহ)।
- ৩। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা।
- ৪। ডাঃ কামরুন নাহার, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), কাউন্দিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাভার, ঢাকা
- ৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।


২৫/০৬/১৯
(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোন-৯৫৪৫৬৬৭